# পরিক্রমা

সংখ্যা # ৭২ : মার্চ ২০১৮

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.sec.gov.bd, www.secbd.org
E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী | |
| ০৫ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৬ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৭ | কর্পোরেট ফাইন্যান্স | |
| ০৮ | ক্যাপিটাল ইস্যু | |
| ০৯ | সার্ভেইল্যান্স | |
| ১০ | নিবন্ধন | |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | |
| ১২ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | |
| ১৩ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৪ | এনফোর্সমেন্ট | |
| ১৫ | আইন | |
| ১৬ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৭ | এমআইএস | |
| ১৮ | গবেষণা ও উন্নয়ন | |
| ১৯ | ফাইন্যান্সিয়াল লিটারেসী | |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২১ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয় যা একটি সংবিধিবদ্ধ সংস্থা। উহার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা ও জনাব খোন্দকার কামালউজ্জামান।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরীতে উন্নীত করে।

# ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
কমিশনার





ড. স্বপন কুমার বালা এফসিএমএ
জনাব খোন্দকার কামালউজ্জামান
**কমিশনার**
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস বিভাগ |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু,এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এ.টি.এম. তারিকুজ্জামান | কর্পোরেট ফাইন্যান্স বিভাগ এবং গবেষণা ও উন্নয়ন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেইল্যান্স বিভাগ, প্রকল্প পরিচালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৮ | জনাব মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসী এবং মহাপরিচালক,বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন বিভাগ |

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেইল্যান্স |
| ১৪ * | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

*পরিচালক ও কমিশন সচিব

# ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বিএসইসি প্রতিষ্ঠিত হয় যার মূল উদ্দেশ্যসমূহঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয় যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৫.  পুঁজিবাজার সংশিস্নষ্ট বিশেষ কার্যক্রমঃ

- **“উন্নয়ন মেলা ২০১৭” উপলক্ষ্যে সংবাদ সম্মেলন**

১১-১৩ জানুয়ারি ২০১৮ তারিখে দেশব্যাপী উন্নয়ন মেলা ২০১৮ অনুষ্ঠিত হয়। দেশের অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাজারের গুরুত্বকে প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দিতে, “অর্থনৈতিক উন্নয়নে প্রযুক্তি” এই শ্লোগানকে প্রতিপাদ্য করে দ্বিতীয়বারের মতো সরকারের উন্নয়ন মেলায়, বিএসইসি’র উদ্যোগে দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণ করে। বর্ণিত ৮টি বিভাগীয় শহর  এবং ৫টি জেলা  শহরে মোট ১৩টি স্থানে পুঁজিবাজার অংশ গ্রহণ করে; যথা ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল, নরসিংদী, কুমিল্লা, নোয়াখালী, গাজীপুর ও নারায়নগঞ্জ। সারাদেশে অনুষ্ঠিত উন্নয়ন মেলায় দেশের কৃষি, বিদ্যুৎ, মৎস্য, সমাজসেবা, চিকিৎসা, অবকাঠামো, তথ্য প্রযুক্তি, যোগাযোগ, প্রতিরক্ষা ও কর্মসংস্থানসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের  পাশাপাশি পঁজিবাজারের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ উন্নয়নের ইতিবাচক ধারা তুলে ধরে। পুঁজিবাজারের স্টলে মানুষের আগ্রহ ছিল উল্লেখযোগ্য যা আর্থিক খাতের প্রতি সরকারের সুদৃষ্টির প্রতিফলন।

- **বিএসইসি’র নতুন ওয়েবসাইট উদ্বোধন**

২১ মার্চ ২০১৮ তারিখ বুধবার, বেলা ১২:৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠানটির পুরাতন ওয়েবসাইটটিকে প্রতিস্থাপন করে দৃষ্টিনন্দন, ডাইনামিক এবং অধিকতর উন্নত তথ্য উপস্থাপন ব্যবস্থা সমৃদ্ধ একটি নতুন ওয়েবসাইট উন্মোচন করেছে, যেখানে পুরাতন ওয়েবসাইটটির সকল তথ্য ও ভিন্ন আঙ্গিকে বিদ্যমান রয়েছে। কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন নতুন ওয়েবসাইটটির আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষনা করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের সম্মানীত কমিশনার প্রফেসর মো.হেলাল উদ্দিন নিজামী, মো: আমজাদ হোসেন এবং ড. স্বপন কুমার বালা উপস্থিত ছিলেন। কমিশনের সকল কর্মচারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন উদ্বোধনী অনুষ্ঠানে তাঁর বক্তব্যে উল্লেখ করেন, কোন প্রতিষ্ঠানের ওয়েবসাইট প্রতিষ্ঠানটির ভাবমূর্তি উজ্জ্বল করতে এবং তথ্য প্রকাশের ক্ষেত্রে এক অনন্য মাধ্যম হিসাবে কাজ করে

থাকে। কমিশনের নতুন ওয়েবসাইটটি পুরাতন ওয়বসাইটটির সীমাবদ্ধতাগুলো দূরীভূত করে নতুন ভাবে ডাইনামিক পদ্ধতিতে অধিকতর ব্যবহার উপযোগী তথ্য উপস্থাপনে কার্যকর ভূমিকা রাখবে। ওয়েবসাইটটির প্রস্তুতিতে অনেক পরিশ্রম করতে হয়েছে এবং অনেক সময়ও লেগেছে, তবে তা বাস্তবায়িত হওয়ায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

- **বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিড়্গা মেলা", সিলেট ২০১৮ অনুষ্ঠিত**




দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় গত জানুয়ারী ২০, ২০১৮ তারিখে সিলেটে বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৮ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত প্রধান অতিথি হিসাবে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, এমপি এবং সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন । মাননীয় প্রধান অতিথি সিলেট ২০১৮ কনফারেন্সটি শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের কমিশনার প্রফেসর মো.হেলাল উদ্দিন নিজামী, মো: আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা এবংখোন্দকার কামালউজ্জামান, কমিশনের কর্মকর্তাবৃন্দ, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত কনফারেন্স ও মেলায় মোট ১৫০০ সাধারণ বিনিয়োগকারী উপস্থিত ছিলেন।

- **বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা", বরিশাল ২০১৮ অনুষ্ঠিত**




মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি, কে কমিশনের পক্ষ থেকে সম্মাননা প্রদান করেন ড. এম খায়রুল হোসেন, চেয়ারম্যান, বিএসইসি

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় গত মার্চ ৩, ২০১৮ তারিখে বরিশালে বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স, ২০১৮ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি এবং সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন । মাননীয় প্রধান অতিথি বরিশাল ২০১৮ কনফারেন্সটি শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের কমিশনার প্রফেসর মো.হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা এবংখোন্দকার কামালউজ্জামান, কমিশনের কর্মকর্তাবৃন্দ, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত কনফারেন্সে মোট ৯০০ সাধারণ বিনিয়োগকারী উপস্থিত ছিলেন।

## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

এ সময়ে নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা  হয়েছে :

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | Eligible investors-দের code of conduct সম্পর্কিত নির্দেশনা; | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৪ তারিখঃ ২০ ফেব্রুয়ারি, ২০১৮। |
| ২. | প্রাথমিক শেয়ারের উপর লক – ইন সম্পর্কিত | **প্রজ্ঞাপন** | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৫ তারিখঃ ১২ মার্চ, ২০১৮। |

# ৭. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানীর সংখ্যা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | IPO/ RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ০৫ |
| | | কোম্পানিসমূহের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০৩ |
| | | নিরীক্ষকগণের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ |
| | | সিকিউরিটিজ আইনের বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ২. | জুন ৩০, ২০১৬ এবং ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ। | কোম্পানিসমূহের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০৪ |
| | | নিরীক্ষকগণের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ |
| | | সিকিউরিটিজ আইনের বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ৩. | জুন ৩০, ২০১৭ এবং ডিসেম্বর ৩১, ২০১৭ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০২ |
| | | সিকিউরিটিজ আইনের বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ৪. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪, তারিখ অগাস্ট ০৭, ২০১২ ইং জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত শর্ত/বিধি নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, কোম্পানির পরিচালনা পর্ষদে নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৪ |
| | | কোম্পানিসমূহের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০২ |
| ৫. | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন। | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্ত পরিপালন না করায় কোম্পানিসমূহের নিকট হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ |

# ৮. ক্যাপিটাল ইস্যু

- মলধন উত্তোলনের জন্য অনুমোদিত প্রাইভেট লিমিটেড কোম্পানির তালিকা :

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমান (কোটি টাকা) |
|---|---|---|---|
| ১ | সামিট কমিউনিকেশন লি: | ০১.০১.২০১৮ | ১০০.০০ |
| ২ | মান্ডিফার্মা (বাংলাদেশ) লি: | ০৮.০১.২০১৮ | ৫.০০ |
| ৩ | সুহৃদ পলিমার লি: | ০৮.০১.২০১৮ | ২০.০০ |
| ৪ | একুশে টেলিভিশন লি: | ০৯.০১.২০১৮ | ৩৭.৪১ |
| ৫ | এভারগ্রীন প্রোডাক্ট ফ্যাক্টরি (বিডি) লি: | ১০.০১.২০১৮ | ১০০.০০ |
| ৬ | মনোহর ফিলামেন্টস (বিডি) লি: | ১১.০১.২০১৮ | ৪.০৩ |
| ৭ | এসিআই ফুডস লি: | ১৪.০১.২০১৮ | ২৬.০০ |
| ৮ | হাউ আর ইউ টেক্সটাইল ইন্ডাস্ট্রি লি: | ১৪.০১.২০১৮ | ১৬৪.২৪ |
| ৯ | বসুন্ধরা পাল্প এন্ড বোর্ড মিল্স লি: | ১৭.০১.২০১৮ | ১৪০.০০ |
| ১০ | ওরিয়ন পাওয়ার রুপসা লি: | ১৭.০১.২০১৮ | ১০০.০০ |
| ১১ | বসুন্ধরা ওয়েল এন্ড গ্যাস কোম্পানী লি: | ২২.০১.২০১৮ | ৪৬০.০০ |
| ১২ | মল্লিকা কনসোর্টিয়াস | ২২.০১.২০১৮ | ৫.২৫ |
| ১৩ | জ্যাকসন ইন্টারন্যাশনাল লি: | ২৪..০১.২০১৮ | ১.৭১ |
| ১৪ | আব্দুল মোনেম ইকনোমিক জোন লি: | ২৪.০১.২০১৮ | ৩৬.০০ |
| ১৫ | রোহতু মেন্থালেটাস (বাংলাদেশ) লি: | ৩০.০১.২০১৮ | ১৯.৫৭ |
| ১৬ | ডুরেন পাওয়ার হাউজ এন্ড টেকনোলিজ লি: | ৩০.০১.২০১৮ | ৪০.০০ |
| ১৭ | পিইবি স্টীল এলাইন্স লি: | ০১.০২.২০১৮ | ১৫.০০ |
| ১৮ | ওয়েজিং ইন্ডাস্ট্রিয়াল (বাংলাদেশ ) কো: লি: | ০৪.০২.২০১৮ | ৫৬.৮৩ |
| ১৯ | বাংলাদেশ ইন্টারনেট এক্সচেঞ্জ লি: | ০৪.০২.২০১৮ | ২৮৫.৫১ |
| ২০ | চায়না গ্লেজ বাংলাদেশ লি: | ০৪.০২.২০১৮ | ১৪.৪৮ |
| ২১ | জি. এ. বি লি: | ০৬.০২.২০১৮ | ১২৯.৭৪ |
| ২২ | রয়েল ক্যাপিটাল মার্কেট | ০৬.০২.২০১৮ | ৫.০০ |
| ২৩ | ট্রানজিসন বাংলাদেশ লি: | ০৮.০২.২০১৮ | ২০.০০ |
| ২৪ | আনলিমা এনার্জি লি: | ১১.০২.২০১৮ | ১৯.৪২ |
| ২৫ | বারাওরা (সিলেট) টি কো: লি: | ১৫.০২.২০১৮ | ১০.০০ |
| ২৬ | দ্যা কনসোলিডেটেড টি এন্ড লেন্ডস কোং লি: | ১৫.০২.২০১৮ | ১০.০০ |
| ২৭ | ইনভিকটা লি: | ২০.০২.২০১৮ | ৭.০০ |
| ২৮ | বাংলাদেশ- চায়না পাওয়ার কোং লি: | ২৭.০২.২০১৮ | ৯৯২.০০ |
| ২৯ | বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশীপ পাওয়ার কো: লি: | ২৭.০২.২০১৮ | ১৬০.০০ |
| ৩০ | হামীম স্পিনিং মিল্স লি: | ২৭.০২.২০১৮ | ২০.০০ |
| ৩১ | এবি এন্ড কোম্পানি লি: | ২৮.০২.২০১৮ | ৭.০৫ |
| ৩২ | ভিভো মোবাইল কোম্পানি (বিডি) লি: | ২৮.০২.২০১৮ | ২৯.৯৯ |
| ৩৩ | বিডি থাই ফুড এন্ড বেবারেজ লি: | ২৮.০২.২০১৮ | ৩০.০০ |
| ৩৪ | অনান্তা হক্সিং লি: | ০৬.০৩.২০১৮ | ২০.৯৬ |
| ৩৫ | কপারটেক ইন্ডাষ্ট্রি লি: | ০৮.০৩.২০১৮ | ৩০.০০ |
| ৩৬ | সেম্বর্কপ নর্থ-ওয়েস্ট পাওয়ার কো: লি: | ১২.০৩.২০১৮ | ১৫১.৩৩ |
| ৩৭ | রিজেন্সি থ্রি লি: | ১৩.০৩.২০১৮ | ৭৩.৪৬ |
| ৩৮ | পার্কওয়ে সিকিউরিটিজি লি: | ১৪.০৩.২০১৮ | ১২.৫০ |
| ৩৯ | উত্তরা ফাইনান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি: | ১৫.০৩.২০১৮ | ১৫.০০ |
| ৪০ | এবি সিকিউরিটিজ লি: | ২১.০৩.২০১৮ | ১.৩০ |

| | | | |
|---|---|---|---|
| ৪১ | গ্রীন টেক্সটাইল লি: | ২৫.০৩.২০১৮ | ১৭.৯২ |
| ৪২ | শাহজালাল ইক্যুইটি ম্যানেজমেন্ট লি: | ২৭.০৩.২০১৮ | ২৪.৪০ |
| ৪৩ | আরএসপিএল হেলথ বিডি লি: | ২৭.০৩.২০১৮ | ৬.২৩ |
| ৪৪ | ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লি: | ২৮.০৩.২০১৮ | ৯.০১ |
| ৪৫ | টেটলি এসিআই (বাংলাদেশ) লি: | ২৮.০৩.২০১৮ | ৮.০০ |
| | **মোট টাকা** | | **৩,৪৪১.৩৩** |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত পাবলিক লিমিটেড কোম্পানির তালিকা :

| **ক্রমিক নং** | **কোম্পানির নাম** | **অনুমোদনের তারিখ** | **পরিমান (কোটি টাকা)** |
|---|---|---|---|
| ১ | থ্রি এঞ্জেল মেরিন লি: | ১৫.০১.২০১৮ | ৬২.২৭ |
| ২ | গ্রীন কেয়ার এগ্রো লি: | ১৬.০১.২০১৮ | ৮.৫০ |
| ৩ | বাংলাদেশ ইনফ্রাসট্রাকচার ফাইনান্স ফান্ড রি: | ১৭.০১.২০১৮ | ৪৯.০০ |
| ৪ | ডাটা এডেজ লি: | ২৪.০১.২০১৮ | ৬.২৫ |
| ৫ | দ্যা ফারমার্স ব্যাংক লি: | ০৪.০২.২০১৮ | ১,০৯৯.০০ |
| ৬ | ইসলামী কর্মাশিয়াল ইনস্যুরেন্স কোম্পানি লি: | ০৬.০২.২০১৮ | ২.৪৪ |
| ৭ | ইলেকট্রো লেড এন্ড লাইটস লি: | ১৪.০২.২০১৮ | ৩৮.৫০ |
| ৮ | ক্রস ওয়াল্ড এনার্জি লি: | ২৭.০২.২০১৮ | ১৫.০০ |
| ৯ | ন্যাশনাল ফাইন্যান্স লি: | ০৭.০৩.২০১৮ | ৬.৩০ |
| ১০ | কেওয়াইসিআর ইন্ডাস্ট্রি লি: | ১২.০৩.২০১৮ | ৩.৩৮ |
| | **মোট টাকা** | | **১,২৯০.৬৪** |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদন প্রাপ্ত বন্ড ও ডিবেঞ্চারের তালিকা :

| **ক্রমিক নং** | **কোম্পানির নাম** | **অনুমোদনের তারিখ** | **পরিমান (কোটি টাকা)** |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | এনভয় টেক্সটাইল লি: | ১৬.০১.২০১৮ | ১৫০.০০ |
| ২ | এনসিসি ব্যাংক লি: | ২৩.০১.২০১৮ | ৪০০.০০ |
| ৩ | ওয়েব লিংক লি: | ৩১.০১.২০১৮ | ৮.০০ |
| ৪ | ফ্লেমিংগো ফ্যাসনস লি: | ১৯.০২.২০১৮ | ২৫০.০০ |
| ৫ | সাউথইষ্ট ব্যাংক লি: | ০৭.০৩.২০১৮ | ৫০০.০০ |
| ৬ | ঢাকা ব্যাংক লি: | ২৮.০৩.২০১৮ | ৫০০.০০ |
| ৭ | যমুনা ব্যাংক লি: | ২৮.০৩.২০১৮ | ৫০০.০০ |
| | **মোট টাকা** | | **২,৩০৮.০০** |

- অনুমোদিত রাইট শেয়ার:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| ০১. | জাহিন স্পিনিং লিমিটেড | ০৭.০৩.২০১৮ | রাইট শেয়ার হিসেবে (১R:১ অনুপাতে) ৯৮,৫৫২,৭০০ টি সাধারণ শেয়ারের অনুমোদন (প্রতিটি শেয়ারের ইস্যু মূল্য ১০. ০০ টাকা) | ৯৮৫,৫২৭,০০০.০০ |
| | মোট রাইট শেয়ার অনুমোদন (জানুয়ারি-মার্চ, ২০১৮ ইং) | | | ৯৮৫,৫২৭,০০০.০০ |

- প্রসপেক্টাস প্রকাশের অনুমোদিত কোম্পানির বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | ইস্যু মূল্য (টাকা) | **পরিমান (কোটি টাকা)** |
|---|---|---|---|---|
| ১. | এ্যাডভেন্ট ফার্মা লিমিটেড | ১১-০১-২০১৮ | ১০.০০ | ২০.০০ |
| ২. | ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড | ১৫-০২-২০১৮ | ১০.০০ | ৩০.০০ |
| ৩. | ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড ** | ১৯-০২-২০১৮ | ১০.০০ | ২০.০০ |
| ৪. | বসুন্ধরা পেপার মিলস্ লিমিটেড | ২৮-০৩-২০১৮ | ৮০.০০ (যোগ্য বিনিয়োগকারী) ৭২.০০ (সাধারণ বিনিয়োগকারী) | ২০০.০০ |

** ইস্যুটি (ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড) পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত আদালত কর্তৃক স্থগিত করা হয়েছে।

# ৯. সার্ভেইল্যান্স

- **দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "Instant Watch market surveillance system" ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

- **তদন্ত ও অনুসন্ধান :**

এ সময়ে উক্ত বিভাগ কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত ডিএসই ও সিএসই  কর্তৃক অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করা হয়েছে:

**(ক) তদন্তঃ**

| **ক্রমিক নং** | **তদন্তের ধরণ** | **তদন্তকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| ০১ | ইউসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট এর কর্মকর্তা  জনাব মো: তারেক ইব্রাহিম এর বিও হতে অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |

**(খ) অনুসন্ধানঃ**

| **ক্রমিক নং** | **অনুসন্ধানের ধরণ** | **অনুসন্ধানকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| ০১ | অক্টোবর ০৩, ২০১৭ থেকে অক্টোবর ১০, ২০১৭ সময়কালে মেট্রোস্পিন লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | ডিসেম্বর  ০১, ২০১৭ থেকে ডিসেম্বর ২২, ২০১৭ সময়কালে প্রগ্রেসিভ লাইফ এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৩ | অক্টোবর ৩০, ২০১৭ থেকে ডিসেম্বর  ০৭, ২০১৭ সময়কালে মেঘনা কনডেন্সড মিল্ক এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৪ | অক্টোবর ৩০, ২০১৭ থেকে ডিসেম্বর ১৪, ২০১৭ সময়কালে সমতা লেদার এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৫ | অক্টোবর ৩০, ২০১৭ থেকে ডিসেম্বর  ০৬, ২০১৭ সময়কালে দুলামিয়া কটন এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৬ | অক্টোবর ২৪, ২০১৭ থেকে নভেম্বর ০৯, ২০১৭ সময়কালে ইমাম বাটন এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৭ | অক্টোবর ৩০, ২০১৭ থেকে নভেম্বর ১৫, ২০১৭ সময়কালে সাভার রিফ্রাকটরিজ এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৮ | নভেম্বর ২৬, ২০১৭ থেকে ডিসেম্বর  ১৩, ২০১৭ সময়কালে শ্যামপুর সুগার এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

| | | |
|---|---|---|
| ০৯ | নভেম্বর ২৩, ২০১৭ থেকে জানুয়ারী ০২, ২০১৮ সময়কালে বঙ্গজ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১০ | জানুয়ারী ০২, ২০১৮ থেকে জানুয়ারী ২৪, ২০১৮ সময়কালে বেক্সিমকো সিনথেটিক এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১১ | আগষ্ট ২৭, ২০১৭ থেকে সেপ্টেম্বর ০৪, ২০১৭ সময়কালে ফুওয়াং এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১২ | জুন ০১, ২০১৭ থেকে ডিসেম্বর ২৮, ২০১৭ সময়কালে স্টাইলক্রাফট এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৩ | নভেম্বর ৩০, ২০১৭ থেকে জানুয়ারী ০৯, ২০১৮ সময়কালে মেঘনা কনডেন্সড মিল্ক এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১৪ | অক্টোবর ২৯, ২০১৭ থেকে ডিসেম্বর ০৭, ২০১৭ সময়কালে মেঘনা পেট এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

- **পর্যবেক্ষণঃ**

এ সময়ে সার্ভেইল্যান্স সিস্টেম এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ডিএসসি ও সিএসসি কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উক্ত প্রতিবেদন পরীক্ষান্তে ৪৩ (তেতাল্লিশ) টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমাণ পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে

# ১০. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক-ব্রোকার, স্টক-ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। এ সময়ে নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করা হয়েছেঃ-

| ক্রমিক নং | ইস্যুকৃত সনদের ধরণ | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ০১। | স্টক ডিলার (i) | ০১ (ডিএসই) | ৭৩ | ০৩ | -- |
| | | ০২ (সিএসই) | ১২ | -- | -- |
| ০২। | স্টক ব্রোকার (i) | ০ (ডিএসই) | ৮১ | -- | -- |
| | | ০ (সিএসই) | ১১ | -- | -- |
| ০৩। | অনুমোদিত প্রতিনিধি (i) | ৪৭ (ডিএসই) | ০৬ | -- | -- |
| | | ২৪ (সিএসই) | ০ | -- | -- |
| ০৪। | মার্চেন্ট ব্যাংক (ii) | ০১ | -- | -- | -- |
| ০৫। | সম্পদ ব্যবস্থাপক (iii) | ০৪ | -- | -- | -- |
| ০৬। | সিকিউরিটি কাস্টডিয়ান (iv) | -- | ০১ | -- | -- |
| ০৭। | ডিপজিটরি অংশগ্রহণকারী (v) | ০২ (সিডিবিএল) | ৯৯ | -- | -- |
| ০৮। | ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি (vi) | ০৭ | -- | -- | -- |
| ০৯। | ফান্ড ম্যানেজার (vii) | ০১ | -- | -- | -- |
| ১০। | ট্রাস্টি(vii) | -- | -- | -- | -- |

- নিবন্ধন বিভাগ যেসকল বিধিমালা/প্রবিধানমালার অধিনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপঃ

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;
ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;
iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১;
iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩;
v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;
vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;
vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

## ১১. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি)

এ সময়ে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছে:

(১) মিউচ্যুয়াল ফান্ড অনুমোদন সংক্রান্ত কার্যক্রম:

| ক্রমিক নং | ফান্ডের নাম | অনুমোদনের তারিখ | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | ক্রিডেন্স ফার্ষ্ট শরীয়াহ ইউনিট ফান্ড (বে-মেয়াদী) | ২৫.০১.২০১৮ | ১০.০০ |
| ২ | শান্তা ফার্ষ্ট ইনকাম ইউনিট ফান্ড (বে-মেয়াদী) | ৩১.০১.২০১৮ | ২০.০০ |
| ৩ | ভিআইপি গ্রোথ ফান্ড (বে-মেয়াদী) | ২০.০২.২০১৮ | ২০.০০ |
| ৪ | আইডিএলসি গ্রোথ ফান্ড (বে-মেয়াদী) | ২২.০২.২০১৮ | ৫০.০০ |
| ৫ | ইউএফএস-ব্যাংক এশিয়া ইউনিট ফান্ড (বে-মেয়াদী) | ০৭.০৩.২০১৮ | ১০০.০০ |
| ৬ | বিসিবি আইসিএল গ্রোথ ফান্ড (বে-মেয়াদী) | ১৫.০৩.২০১৮ | ২৫.০০ |

# ১২. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

- তালিকাভুক্ত কোম্পানির এজিম ও ডিভিডেন্ট এর তালিকাঃ

| ক্রমিক নং | কোম্পানির নাম | বছর | এজিএম তারিখ | লভ্যাংশ | |
|---|---|---|---|---|---|
| | | | | নগদ | বোনাস শেয়ার |
| ১ | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি. | ২০১৭ | ১/৬/২০১৮ | ১০.০০ | |
| ২ | পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিমিটেড | ২০১৭ | ১/৬/২০১৮ | ১৫.০০ | - |
| ৩ | এস. আলম কোল্ড রোলেড স্টিলস লি: | ২০১৭ | ১/১২/২০১৮ | ১০.০০ | - |
| ৪ | মেঘনা পেট্রোলিয়াম লি: | ২০১৭ | ১/২০/২০১৮ | ১১০.০০ | - |
| ৫ | ম্যাকসন্স স্পিনিং মিলস্ লি: | ২০১৭ | ১/২১/২০১৮ | - | ৫% |
| ৬ | এইচ আর টেক্সটাইল লি: | ২০১৭ | ১/২২/২০১৮ | ১০.০০ | - |
| ৭ | সিনোবাংলা ইন্ডাস্ট্রিজ লি: | ২০১৭ | ১/২২/২০১৮ | ১০.০০ | - |
| ৮ | আনোয়ার গ্যালভানাইজিং লি: | ২০১৭ | ১/২৫/২০১৮ | - | ১০% |
| ৯ | ইস্টার্ন লুব্রিকেন্টস লি: | ২০১৭ | ১/২৭/২০১৮ | ১০০.০০ | - |
| ১০ | ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিসট্রিবিউশন কোং লি: | ২০১৭ | ১/২৭/২০১৮ | ৯০.০০ | ১০% |
| ১১ | শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেড | ২০১৭ | ১/৩১/২০১৮ | ১৬.০০ | ১৪% |
| ১২ | যমুনা অয়েল কোম্পানি লিমিটেড | ২০১৭ | ২/৩/২০১৮ | ১১০.০০ | - |
| ১৩ | পদ্মা অয়েল কোম্পানি লি: | ২০১৭ | ২/১৭/২০১৮ | ১১০.০০ | - |
| ১৪ | জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লি: | ২০১৭ | ৩/১৪/২০১৮ | - | ২৩.৫০% |
| ১৫ | বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) | ২০১৭ | ৩/১৫/২০১৮ | ১০.০০ | - |
| ১৬ | আই পি ডি সি ফাইন্যান্স লিমিটেড | ২০১৭ | ৩/২৫/২০১৮ | - | ২০% |
| ২১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ২০১৭ | ৩/২৯/২০১৮ | ৩০.০০ | - |
| ১৭ | গ্রীন ডেল্টা ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৭ | ৩/২৯/২০১৮ | ২০.০০ | - |
| ২০ | আইডিএলসি ফাইন্যান্স লি: | ২০১৭ | ৩/২৯/২০১৮ | ৩০.০০ | - |
| ১৯ | লংকাবাংলা ফাইন্যান্স লি: | ২০১৭ | ৩/২৯/২০১৮ | ৭.৫০ | ৭.৫০% |
| ১৮ | প্রাইম ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৭ | ৩/২৯/২০১৮ | ১৫.০০ | - |
| ২২ | রিলায়েন্স ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৭ | ৩/৩১/২০১৮ | ১৫.০০ | ১০% |

- **তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগ:**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মিমাংসিত |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ৮ | ৩ | ৫ |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ২ | - | ২ |

| | | | |
|---|---|---|---|
| রাইট অফারের পত্র না পাওয়া | ১ | ১ | - |
| বার্ষিক প্রতিবেদন  না পাওয়া | ৬ | ২ | ৪ |
| বিবিধ | ১৮ | ৯ | ৯ |
| **মোট** | **৩৫** | **১৫** | **২০** |

কমিশনের নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ **১২.১০.২০১১** অনুযায়ী ডিএসই ও সিএসই  তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত ২০টি অভিযোগ মিমাংসা করে।

## ১৩. সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

উক্ত বিভাগ এ সময়ে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে ঃ

এসআরআই বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স্ ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে।

- **বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরদ্ধে আনীত অভিযোগ ঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই'তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জানুয়ারী-মার্চ, ২০১৮ইং | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | ০৩ | ০১ | **০৪** | **০৩** | - | - | ০১ |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ০৪ | ০৩ | **০৭** | **০৪** | ০১ | ০১ | ০১ |
| শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত | ০২ | ০১ | **০৩** | **০১** | - | ০২ | - |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ০১ | - | **০১** | - | - | ০১ | - |
| ফোর্স সেল/মার্জিন সংক্রান্ত | ০২ | - | **০২** | **০১** | - | ০১ | - |
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ০৬ | - | **০৬** | **০২** | - | ০৪ | - |
| নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত | ০২ | - | **০২** | **০২** | - | - | - |
| বিবিধ | ০৩ | ০১ | **০৪** | - | - | - | ০৪ |
| **মোট** | ২৩ | **০৬** | **২৯** | **১৩** | **০১** | **০৯** | **০৬** |

## ১৪. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লংঘন কারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত কালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজি বাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক এ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ প্রদর্শন করা হল ঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান/ব্যক্তি(সংখ্যায়) | এনফোর্সমেন্ট ব্যাবস্থার ধরণ | |
|---|---|---|---|---|
| | | | জরিমানা | সতর্কীকরণ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ২২ | ১৭ | ০৫ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার | ১৭ | ১৫ | ২ |
| ৩ | অন্যান্য | ০৪ | ০১ | ০৩ |
| | মোট | ৫৮ | ৩৩ | ২৫ |

# ১৫.আইন

কমিশন কর্তৃক এবং বিরুদ্ধে মোট ৫২৪ টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীমকোর্ট | আপীল বিভাগ | ১৭টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২২০টি |
| ০২. | স্পেশাল ট্রাইব্যুনাল, বিএসইসি, ঢাকা | | ১৭টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারি জজ আদালত, ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৩টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৫৪টি |
| মোট মামলার সংখ্যা | | | ৫২৪টি |

# ১৬. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

এ সময়ে পুঁজিবাজারে ডিপোজিটারি ব্যবস্থায় নিম্নলিখিত  কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড অন্তর্ভুক্ত হয়েছে:

| ক্রমিক নং | **কোম্পানির নাম** | **অন্তর্ভুক্তির তারিখ** |
|---|---|---|
| | এইচএফএএমএল  ইউনিট ফান্ড | জানুয়ারী ০২, ২০১৮ |
| | সিএপিএম আইবিবিএল ইসলামিক মিউচ্যুয়াল  ফান্ড | মার্চ ০৫, ২০১৮ |
| | ক্রিডেন্স ফার্স্ট শরীয়াহ ইউনিট ফান্ড | মার্চ ১০, ২০১৮ |
| | কুইন সাউথ টেক্সটাইল মিলস্  লিমিটেড | মার্চ ১০, ২০১৮ |
| | লংকাবাংলা  আল আরাফাহ শরীয়াহ ইউনিট ফান্ড | মার্চ ১৩, ২০১৮ |
| | শান্তা ফার্স্ট ইনকাম ইউনিট ফান্ড | মার্চ ২৬, ২০১৮ |

# ১৭. এমআইএস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের কাজ ।

বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd  এবং www.secbd.org) তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা করে।

- এ সময় ওয়েবসাইটে আপলোডের সংখ্যাঃ

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস/ রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন | ৪টি আইপিও এবং ১টি রাইট ইস্যু |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ৪৬টি |
| অন্যান্য আদেশ/ নোটিফিকেশন/ ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ৩টি |
| মতামতের জন্য প্রস্তাবিত খসড়া আইন স্থাপন | ১টি |
| প্রেস বিজ্ঞপ্তি | ২২টি |

# ১৮. গবেষণা ও উন্নয়ন

- এ সময়ে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করা হয়ঃ

ক. চাহিদা মোতাবেক সরকারের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-

১. প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন।

২. কমিশনের মাসিক উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলীর প্রতিবেদন।

খ. চাহিদা মোতাবেক কেন্দ্রীয় বাংকে নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-

১. পুঁজিবাজারের মাসিক লেনদেনের প্রতিবেদন প্রেরণ।

- নিম্নোক্ত প্রতিবেদন সম্পাদনা করা হয় ঃ

| **প্রতিবেদনের নাম** | **প্রকাশকাল** |
|---|---|
| বার্ষিক প্রতিবেদন বাংলা | ২০১৬- ২০১৭ |
| ত্রৈমাসিক প্রতিবেদন পরিক্রমা | ১টি |
| Quarterly Review | ১টি |

## ১৯. ফাইন্যান্সিয়াল লিটারেসী

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স, বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে প্রাত্যহিক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে।

জানুয়ারী-মার্চ, ২০১৮ সময় কালে ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ নিম্মোক্ত কার্যাবলী সম্পন্ন করেছে, যথাঃ-

- নিয়মিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর মাধ্যমে বিএসইসি প্রশিক্ষণ কেন্দ্রে উল্লিখিত সময়কালে মোট ৪৭৫ জন সাধারণ বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান।

## ২০. স্টক এক্সচেঞ্জের অপারেশনাল স্ট্যাটিসটিকস

### ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | ডিএসই ইনডেক্স (DSEX) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ৬,০৩৯.৭৮ | ৪,১৮৫,১৩৩ | ২৩ | ২৫৬৫ | ১১২ | ১০০,৭২১.৬১ | ৪,৩৭৯.২০ |
| ফেব্রূয়ারি | ৫,৮০৪.৯৪ | ৪,০৪৪,৩৮৯ | ১৯ | ২০২৮ | ১০৭ | ৭৬,৭৯৬.৯০ | ৪,০৪১.৯৪ |
| মার্চ | ৫,৫৯৭.৪৪ | ৩,৯১৭,১৮৬ | ২০ | ১৯০২ | ৯৫ | ৬৭,১৪৯.৪১ | ৩,৩৫৭.৪৭ |
| মোট | - | - | ৬২ | ৬৪৯৫ | ১০৫ | ২৪৪,৬৬৭.৯২ | ৩,৯৪৬.২৬ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

### চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ১৮৬৯১.২২ | ৩৪৯৩,৬৭৯ | ২৩ | ২০১ | ৯ | ৬৩০০.৩৫ | ২৭৩.৯৩ |
| ফেব্রূয়ারি | ১৭৯২৬.৪৩ | ৩৩৫১২৫৯ | ১৯ | ১৪৭ | ৮ | ৫৭৩৬.৪২ | ৩০১.৯২ |
| মার্চ | ১৭২১৫.১১ | ৩২১৮৪০৩ | ২০ | ১১৯ | ৬ | ৪৬২৫.৬৮ | ২৩১.২৮ |
| মোট | - | - | ৬২ | ৪৬৭ | ৮ | ১৬৬৬২.৪৫ | ২৬৮.৭৫ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

- উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই)

## ২১. প্রেস রিলিজ

এ সময়ে কমিশন ২২টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা কমিশনের ওয়েব সাইটে (www.sec.gov.bd) সন্নিবেশিত আছে।